Department of Education
Carmen Fariña, Chancellor

# এনওয়াইসি ডিওই স্কুলসমূহে স্থানীয় নয় এমন আইন প্রয়োগকারী এজেন্সির, যার অন্তর্ভুক্ত ইমিগ্রেশন এনফোর্সমেন্ট অ্যাকশনস্, তৎপরতা বিষয়ে প্রিন্সিপ্যালদের জন্য গাইডেন্স

এই ডক্যুমেন্ট সাধারণ প্রক্রিয়া অনুসরণের গাইডেন্স যা স্থানীয় নয় এমম কোন আইন প্রয়োগকারী অফিসিয়াল যদি, এর অন্তর্ভুক্ত ফেডারেল ব্যুরো অভ ইনভেস্টিগেশন ("FBI"), অথবা ইমিগ্রেশন অ্যান্ড কাস্টমস্ এনফোর্সমেন্ট ("ICE") (সম্মিলিতভাবে, "নন-লোকাল আইন প্রয়োগকারী অফিসারগণ"), এনওয়াইসি ডিওই স্কুল প্রতিষ্ঠান, শিক্ষার্থী, অথবা শিক্ষার্থী রেকর্ডে প্রবেশের অনুরোধ জানায়, সেক্ষেত্রে যা করণীয় তার বিবরণ দেয়। এই গাইডেন্স নিউ ইয়র্ক সিটি পুলিশ ডিপার্টমেন্ট ("NYPD") কর্তৃক যে কর্ম-তৎপরতা সেটির বেলায় প্রযোজ্য নয়, কেননা স্কুলে তাদের কর্ম-তৎপরতা, যেমনটি নিচে বর্ণিত আছে, সেগুলি অন্য ডক্যুমেন্ট এবং নীতিমালা দ্বারা পরিচালিত। **<u>যদি স্থানীয় নয় এমন কোন আইন প্রয়োগকারী অফিসার আপনার স্কুলে প্রবেশ করতে চায়, আপনাকে অবশ্যই এই গাইডেন্সের শেষে যে প্রক্রিয়া উল্লিখিত আছে সেই অনুসারে আরও নির্দেশনার জন্য আপনার সিনিয়র ফিল্ড কাউন্সেলের("SFC")সাথে যোগাযোগ করতে হবে।</u>**

শুধুমাত্র আইনি বাধ্যবাধকতার ক্ষেত্রে স্কুলগুলি প্রবেশাধিকার প্রদান করবে, এবং সেটি শুধু এসএফসি-র সাথে পরামর্শের পরে।

## <u>স্কুল প্রতিষ্ঠানে প্রবেশ সম্পর্কিত আইন</u>

নিউ ইয়র্ক সিটি পুলিশ ডিপার্টমেন্ট ("NYPD") এনওয়াইসি পাবলিক স্কুলগুলির নিরাপত্তার দায়িত্ব পালন করে এবং ডিওই এবং এনওয়াইপিডি ও চ্যান্সেলরের প্রবিধানের মাঝে একটি বোঝাপড়ার ভিত্তিতে তাদের স্কুল প্রতিষ্ঠানে প্রবেশের অনুমতি আছে। এনওয়াইপিডি অফিসারগণ এবং স্কুল সেফটি এজেন্টগণ স্কুলসমূহে পুলিশ কর্ম-তৎপরতা বিষয়ে একটি দীর্ঘমেয়াদি এনওয়াইপিডি নীতিমালা দ্বারা পরিচালিত।

আইসিই অফিসারসহ নন-লোকাল আইন প্রয়োগকারী অফিসারগণ, শুধুমাত্র স্কুল প্রতিষ্ঠান অথবা স্কুলে শিক্ষার্থীদের কাছে প্রবেশাধিকার লাভ করতে তখনই পারবে যখন নিচে উল্লিখিত অবস্থা সৃষ্টি হয়: প্রবেশে কর্তপক্ষের সম্মতি থাকে; গ্রেপ্তারি পরোয়ানা থাকে; অথবা গুরুত্বপূর্ণ অবস্থার সৃষ্টি হয়।

### 1. সম্মতি

**কোন পরিস্থিতিতেই ডিওই নন-লোকাল আইন প্রয়োকারীদের স্কুল প্রতিষ্ঠানে প্রবেশের অনুমতি প্রদান করে না, এবং প্রিন্সিপ্যাল ও অন্য স্কুল কর্মকর্তা এতে সম্মতি নাও দিতে পারে।**

### 2. যথাযথ গ্রেপ্তারি পরোয়ানা

আইসিই অফিসারসহ কোন নন-লোকাল আইন প্রয়োগকারী অফিসারকে গ্রেপ্তারি পরোয়ানা নির্দিষ্ট কোন ব্যবস্থা গ্রহণ যেমন তল্লাশি অথবা গ্রেপ্তার করার অনুমতি প্রদান করে কিনা সেটি নির্ভর করে গ্রেপ্তারের পরিসরের উপর এবং তা কোন বিচারক অথবা প্রশাসনিকভাবে ইস্যুকৃত কিনা তার উপর। আইনের শাসনের সাথে সমন্বিতভাবে ডিওই অবশ্যই বৈধ আইনগত গ্রেপ্তারি পরোয়ানার প্রতি শ্রদ্ধাশীল থাকবে, কিন্তু কোন গ্রেপ্তারি পরোয়ানা বৈধ একজন বিচারক কর্তৃক ইস্যুকৃত কিনা সেটি নির্ধারণ করা একজন প্রশিক্ষণহীন ব্যক্তির জন্য কঠিন। সুতরাং, গ্রেপ্তারি পরোয়ানার একটি কপি রাখা অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং কোন গ্রেপ্তারি পরোয়ানা অনুযায়ী যেকোন প্রবেশের অনুমতির আগে এসএফসি-র সাথে যোগাযোগ করুন। যদি কোন নন-লোকাল আইন প্রয়োগকারী অফিসার, এর অন্তর্ভুক্ত আইসিই অফিসার, কোন গ্রেপ্তারি পরোয়ানা উপস্থাপন করে, **পরোয়ানাটি এসএফসি-র কাছে দিন এবং পরবর্তী নির্দেশনার জন্য অপেক্ষা করুন।**

### 3. জরুরি পরিস্থিতি

জরুরি পরিস্থিতির উদ্ভব, যেমন আসন্ন মৃত্যু, শারীরিক ক্ষতির ঝুঁকি যা থাকতে বা নাও থাকতে পারে এমন অবস্থার উদ্ভব হবার আশংকা খুবই সামান্য, **তেমন ক্ষেত্রে অতিসত্তর এসএফসি এবং স্কুল সেফঠি এজেন্টকে এনওয়াপিডি-র সাথে**

**যোগযোগ করতে দিন।**

**<u>বর্তমান আইসিই নীতি হলো স্কুলসমূহে সাধারণত তাদের কর্ম-তৎপরতা এড়িয়ে যাওয়া।</u>**

বর্তমান আইসিই এবং ইউ.এস কাস্টমস্ এবং বর্ডার প্রতিরক্ষা নীতি, যা নতুন ফেডারেল প্রশাসন কর্তৃক অব্যাহত রয়েছে, সেটি স্পর্শকাতর স্থানে, যার অন্তর্ভুক্ত স্কুলসমূহ, গ্রেপ্তার, ইন্টারভিউ, তল্লাশি, এবং নজরদারিকে সীমিত করে। সাম্প্রতিক বছরগুলিতে স্কুলসমূহে এই আইন প্রয়োগ তৎপরতা খুবই সামান্য দেখা গেছে।

**<u>শিক্ষার্থী রেকর্ডের অনুরোধ</u>**

যদিও বর্তমান আইসিই-র স্পর্শকাতর স্থান নীতি ঐসব কর্মকাণ্ড যেমন স্কুল কর্তৃপক্ষ অথবা কর্মীদের কাছ থেকে রেকর্ড অথবা ডকুমেন্ট সংগ্রহ, সাপিনা জারি ইত্যাদি কর্মকাণ্ডকে সমর্থন করে না, ফেডারেল গোপনীয়তার আইন (এর ব্যতিক্রম স্বাস্থ্য অথবা নিরাপত্তাজনিত জরুরি পরিস্থিতি) সাধারণভাবে কোন আইন প্রয়োগকারী অফিসারদের কাছে শিক্ষার্থীর রেকর্ড থেকে কোন তথ্য প্রকাশ নিষিদ্ধ করে – এর ব্যতিক্রম শুধু কোর্টের আদেশ, আইনগতভাবে ইস্যুকৃত সাপিনা, অথবা শিক্ষার্থী, যদি সে 18 বছর অথবা তার অধিক বয়সী হয় তার বা শিক্ষার্থীর পিতামাতার সজ্ঞাত লিখিত সম্মতি। আইসিই অফিসারসহ, যেকোন আইন প্রয়োগকারী অফিসার যদি শিক্ষার্থী রেকর্ডে প্রবেশাধিকার চায়, আইন প্রয়োগকারী অফিসার প্রদত্ত যেকোন সাপিনা অথবা কোর্ট আদেশের কপি আপনার এসএফসি-র কাছে দিন, এবং এসএফসি থেকে নির্দেশ না পাওয়া পর্যন্ত কোন ব্যবস্থা নেবেন না।

**<u>সাধারণ প্রক্রিয়া - আইসিই অফিসারসহ যদি কোন নন-লোকাল আইন প্রয়োগকারী অফিসার কোন কারণে আপনার স্কুলে আসে:</u>**

1. অফিসারের সাথে স্কুল সেফটি এজেন্ট ডেস্কে মিলিত হোন।
2. স্কুল সেফটি এজেন্ট ডেস্কে, অফিসারের নাম এবং ব্যাজ/আইডি নম্বর, তার সুপারভাইজরের ফোন নম্বর, স্কুলে আসার উদ্দেশ্য, এবং স্কুল চলাকালে তিনি কেন আপনার স্কুল পরিদর্শনে এসেছেন তার কারণ জেনে নিন।
3. অফিসারের কাছ থেকে যেকোন ডকুমেন্ট চেয়ে নিন (যেমন সাপিনা; তল্লাশির পরোয়ানা; গ্রেপ্তার পরোয়ানা)।
4. অফিসারকে পরামর্শ দিন যে, তার অনুরোধের উত্তর দেবার আগে, আপনাকে অবশ্যই কাউন্সেলকে জানাতে এবং তার থেকে গাইডেন্স নিতে হবে।
5. অফিসারকে বলুন যে, কাউন্সেলের কাছ থেকে গাইডেন্স নেয়ার সময় তিনি যেন অবশ্যই স্কুল বিল্ডিংয়ের বাইরে অপেক্ষা করেন।
6. আপনার এসএফসি-কে জানান, এবং অফিসার প্রদত্ত বিস্তারিত এবং ডকুমেন্টেশন আপনার এসএফসি-কে দিন। এসএফসি-র কাছে থেকে নির্দেশ না পাওয়া পর্যন্ত কোন ব্যবস্থা নেবেন না।
7. এসএফসি-র সাথে পরামর্শের পর পিতামাতার সাথে যোগাযোগ করুন।
8. এনওয়াইপিডি প্রিসিংক্ট অথবা স্কুল সেফটি ডিভিশন – যেটি উপযুক্ত মনে করেন, জানান।
9. যদি নন-লোকাল আইন প্রয়োগকারী অফিসার নির্দেশনা মানতে ব্যর্থ হয়, কোন প্রয়োগ ব্যবস্থার সাথে শারীরিকভাবে জড়িয়ে পড়ার চেষ্টা করবেন না। এইসব পরিস্থিতিতে, অফিসারের কাছে যতটা সম্ভব তথ্য সংগ্রহ করুন এবং এসএফসি এবং এনওয়াইপিডি প্রিসিংক্ট/স্কুল সেফটি ডিভিশনকে জানান।

**<u>চ্যান্সেলরের প্রবিধানসমূহের প্রয়োগ</u>**

এই গাইডলাইনসমূহ বিদ্যমান চ্যান্সেলরের প্রবিধানগুলির সম্পূরক। আইসিই অফিসারসহ, কোন নন-লোকাল আইন প্রয়োগকারী অফিসার যদি কাউকে গ্রেপ্তার করে, চ্যান্সেলরের প্রবিধান A-412-এর সেকশন III(C) প্রক্রিয়া অনুসরণ করুন। আইসিই অফিসারসহ, কোন নন-লোকাল আইন প্রয়োগকারী অফিসার যদি কোন গোপনীয় তথ্যের অনুরোধ জানায়,, চ্যান্সেলরের প্রবিধান A-820-এ বর্ণিত প্রক্রিয়া এবং নীতিমালাও প্রযোজ্য হবে।